গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
পরিকল্পনা কোষ
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় বিষয়ক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| তারিখ ও সময় | : ০৩-০৯-২০১৮ তারিখ, সকাল ১০:৩০ ঘটিকা। |
| স্থান | : কক্ষ নং- ২১১, রেলভবন, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

২.০। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সিপিএলও সভার বিষয়বস্তু উপস্থাপন করেন।

৩.০। প্রসঙ্গক্রমে সিপিএলও জানান, ২০১৭-১৮ অর্থবছরে এপিএ'র কিছু লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জন করা সম্ভব হয়নি এবং আরও কিছু লক্ষ্যমাত্রা একেবারেই অর্জন করা সম্ভব হয়নি। ফলে বিগত বছরের তুলনায় ২০১৭-১৮ অর্থবছরে সম্ভাব্য প্রাপ্ত নম্বর বেশ কমে যাবে। তিনি আরও জানান, বিভিন্ন দপ্তর থেকে এপিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পাওয়া গেলেও দপ্তর সংশ্লিষ্ট আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ঠিকমত পাওয়া যায় না। এতে রেলপথ মন্ত্রণালয়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণে জটিলতা সৃষ্টি হয়। এছাড়া, মহাপরিচালক মহোদয় ২০১৮-১৯ অর্থবছরে এপিএ'র বিভিন্ন লক্ষ্যমাত্রার বিপরীতে Break-up সম্পর্কে জানতে চান, কিন্তু সংশ্লিষ্ট দপ্তরসমূহ হতে Break-up প্রেরণ না করায় তাকেঁ তাৎক্ষণিক তা জানানো সম্ভব হয়নি।

এসব বিবেচনায় এপিএ'র লক্ষ্যমাত্রার অসাধারণ স্তর অর্জন ও পরিবীক্ষণের লক্ষ্যে নিম্নোক্ত **সাধারণ সিদ্ধান্ত** গৃহীত হয়।

(৩.১) এডিজিগণ আওতাধীন দপ্তর সংশ্লিষ্ট এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়টি নিবিড়ভাবে তদারকি করবেন।

(৩.২) জিএম (পূর্ব), জিএম (পশ্চিম), ডিআরএম (ঢাকা), ডিআরএম (চট্টগ্রাম), ডিআরএম (পাকশী) ও ডিআরএম (লালমনিরহাট) এপিএ বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয় সমন্বয়ের জন্য স্ব-স্ব অঞ্চল/বিভাগের পক্ষে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নপূর্বক সিপিএলও দপ্তরকে অবহিত করবেন।

(৩.৩)পরিচালক (পরিবহন), পরিচালক (অর্থ), পরিচালক (মেকানিক্যাল), পরিচালক (প্রকৌশল), অতিঃসিএসটিই (টেলিকম) এবং পরিচালক (সংস্থাপন), রেলভবন, ঢাকা স্ব-স্ব বিভাগ/দপ্তরের পক্ষে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

(৩.৪) বিভিন্ন বিভাগ/দপ্তর/অঞ্চলের জন্য নিয়োজিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ স্ব-স্ব বিভাগ/দপ্তর/অঞ্চলের এপিএ'তে সন্নিবেশিত **কৌশলগত এবং আবশ্যিক কৌশলগত** উদ্দেশ্যসমূহের বাস্তবায়ন অগ্রগতির মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে সিপিএলও/ঢাকা দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

(৩.৫) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ এপিএ'তে সন্নিবেশিত কার্যক্রমসমূহের আইটেমভিত্তিক লক্ষ্যমাত্রার বিস্তারিত Break-up (প্রযোজ্য ক্ষেত্রে) ২৪-০৯-২০১৮ তারিখের মধ্যে সিপিএলও/ঢাকা দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

(৩.৬) এপিএ'তে সন্নিবেশিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে অধিকতর কার্যকরী ও দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া, পরস্পর নির্ভরশীল বিভাগ/দপ্তরসমূহ পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করতে সচেষ্ট হবেন।

৪.০। ২০১৮-১৯ অর্থবছরে এপিএ'র আইটেমভিত্তিক আলোচনায় করাহয়। সে সব আইটেমের লক্ষ্যমাত্রা অর্জনে চ্যালেঞ্জ রয়েছে মহাপরিচালক মহোদয় ঐ সকল আইটেম এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| এপিএ কার্যক্রম ক্রমিক | বিষয় (লক্ষ্যমাত্রা) | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ❖ কৌশলগত উদ্দেশ্যেসমূহ: | | | |
| ● রেলওয়ের অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ। | | | |
| ১.৪ | বিদ্যমান রেলপথ পুনর্বাসন (১৬ কি.মি.)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। Break-up প্রেরণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-অতি:সিই/ট্র্যাক/পূর্ব<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.৭ | নতুন রেলপথ নির্মাণ (৫০ কি.মি.)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। Break-up প্রেরণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.৮ | নতুন রেলসেতু নির্মাণ (৫০টি)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। Break-up প্রেরণ করতে হবে। | |
| ১.৯ | সিগন্যালিং ব্যবস্থার আধুনিকায়ন (১৮টি স্টেশন)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। Break-up প্রেরণ করতে হবে। | -সিএসটিই (টেলিকম)<br>-অতিঃসিএসটিই (টেলিকম) |
| ১.১৩ | আখাউড়া থেকে লাকসাম পর্যন্ত ডুয়েলগেজ ডাবল রেললাইন নির্মাণ (মোট ৭০% ভৌত কাজ)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পিডি (আখাউড়া-লাকসাম ডুয়েলগেজ প্রকল্প)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.১৪ | খুলনা হতে মংলা পোর্ট পর্যন্ত রেলপথ নির্মাণ (মোট ৫৫% ভৌত কাজ)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পিডি (খুলনা-মংলা প্রকল্প)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.১৫.১ | নতুন নির্মিত লেভেল ক্রসিং গেইট (৪৮টি)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। Break-up প্রেরণ করতে হবে। | -পরিচালক (প্রকৌশল)<br>-এক্সইএন/পিএন্ডডি (পূর্ব ও পশ্চিম) |
| ১.১৬ | বিদ্যমান স্টেশন বিল্ডিং পুন:নির্মাণ (৫টি)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। Break-up প্রেরণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.১৭ | নতুন স্টেশন বিল্ডিং নির্মাণ (৫টি)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। Break-up প্রেরণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.১৮ | আঞ্চলিক ও উপ-আঞ্চলিক রেল যোগাযোগ ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণের লক্ষ্যে রেলপথ নতুন নির্মাণ/পুনঃস্থাপন (২ কি.মি.)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.১৯ | ঢাকা-চট্টগ্রাম ভায়া কুমিল্লা/লাকসাম দ্রুত গতির রেল ট্র্যাক নির্মাণের সমীক্ষা (৩০.০৫.২০১৯)। | সমীক্ষা চলমান রয়েছে। নির্ধারিত সময়ে সমীক্ষা প্রতিবেদন দাখিলের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পিডি (ঢাকা-চট্টগ্রাম দ্রুত গতির রেল)<br>-পরিচালক (প্রকৌশল) |

| এপিএ কার্যক্রম ক্রমিক | বিষয় (লক্ষ্যমাত্রা) | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.২০ | জয়দেবপুর-ঈশ্বরদী সেকশনে ডুয়েলগেজ ডাবল রেল ট্র্যাক নির্মাণ (২০.০৫.২০১৯)। | নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় প্রস্তাব সিসিজিপি'তে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পিডি (জয়দেবপুর-ঈশ্বরদী সেকশনে ডুয়েলগজ)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.২১ | বঙ্গবন্ধু রেলওয়ে সেতু নির্মাণ। (২০.০৫.২০১৯)। | নির্ধারিত সময়ের মধ্যে দরপত্রের কারিগরি মূল্যায়ন সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -প্রকল্প পরিচালক (বঙ্গবন্ধু রেলওয়ে সেতু)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.২২ | ঢাকা শহরের চারদিকে বৃত্তাকার রেলপথ নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা (০৫.০৬.২০১৯)। | নির্ধারিত সময়ের মধ্যে খসড়া সমীক্ষা প্রতিবেদন দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পরিচালক (প্রকৌশল) |
| ১.২৩ | জামালপুর অর্থনৈতিক অঞ্চলের সাথে রেল যোগাযোগ স্থাপনের সমীক্ষা (২০.১২.২০১৮)। | নির্ধারিত সময়ের মধ্যে সমীক্ষা প্রতিবেদন দাখিলের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.২৪ | মিরসরাই অর্থনৈতিক অঞ্চলের সাথে রেল যোগাযোগ স্থাপনের সমীক্ষা (৩০.১২.২০১৮)। | নির্ধারিত সময়ের মধ্যে সমীক্ষা প্রতিবেদন দাখিলের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.২৬ | বিশদ নকশা প্রণয়ন ও দরপত্র দলিল প্রস্তুতসহ ভাঙ্গা জংশন (ফরিদপুর) হতে বরিশাল হয়ে পায়রা বন্দর পর্যন্ত রেললাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা (৩০.০৫.২০১৯)। | নির্ধারিত সময়ের মধ্যে প্রথম অর্ন্তবর্তীকালীন ডিজাইন প্রতিবেদন দাখিলের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -জেডিজি (প্রকৌশল)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.২৭ | জানালী-হাট স্টেশন-চুয়েট-কাপ্তাই পর্যন্ত ডুয়েলগেজ রেললাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা (৩০.১২.২০১৮)। | নির্ধারিত সময়ের মধ্যে সমীক্ষা প্রতিবেদন দাখিলের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.২৮ | জয়দেবপুর-ময়মনসিংহ-জামালপুর সেকশনে বিদ্যমান মিটারগেজ রেল লাইনের সমান্তরাল একটি ডুয়েলগেজ রেললাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা (৩০.১২.২০১৮)। | নির্ধারিত সময়ের মধ্যে সমীক্ষা প্রতিবেদন দাখিলের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.২৯ | ঢাকা-নারায়ণগঞ্জ সেকশনে বিদ্যমান মিটারগেজ রেল লাইনের সমান্তরাল একটি ডুয়েলগেজ রেল লাইন নির্মাণ (মোট ৭০% ভৌত কাজ)। | লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -জেডিজি (প্রকৌশল)<br>-পরিচালক (প্রকৌশল) |

| এপিএ কার্যক্রম ক্রমিক | বিষয় (লক্ষ্যমাত্রা) | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.৩০ | বাংলাদেশ রেলওয়ের কুলাউড়া-শাহবাজপুর সেকশনের পুনর্বাসন (মোট ৩০% ভৌত কাজ)। | লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -অতি:সিই/ট্র্যাক/পূর্ব<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.৩১ | বাংলাদেশ রেলওয়ের ঢাকা-টঙ্গী সেকশনের ৩য় ও ৪র্থ ডুয়েল গেজ লাইন এবং টঙ্গী-জয়দেবপুর সেকশনে ডুয়েল গেজ ডাবল লাইন নির্মাণ (মোট ৩০% ভৌত কাজ)। | লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পিডি (ঢাকা-টঙ্গী ৩য় ও ৪র্থ ডুয়েল গেজ লাইন)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.৩২ | আখাউড়া-আগরতলা ডুয়েলগেজ রেল সংযোগ নির্মাণ (মোট ৩০% ভৌত কাজ)। | লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পিডি (আখাউড়া-আগরতলা রেল সংযোগ)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.৩৪ | কর্ণফুলী নদীর ওপর কালুরঘাটে দ্বিতীয় রেল-কাম-সড়ক সেতু নির্মাণ (৩০.০৫.২০১৯)। | বিশদ ডিজাইন ও সুপারভিশন কাজের পরামর্শক নিয়োগের চুক্তি স্বাক্ষরের নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.৩৫ | চিলাহাটি এবং চিলাহাটি বর্ডারের মধ্যে রেলপথ নির্মাণ (২০.০৫.২০১৯)। | দরপত্রের কারিগরি মূল্যায়ন সম্পাদনের নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| • রোলিং স্টক উন্নয়ন (সংগ্রহ, পুনর্বাসন ও রক্ষণাবেক্ষণ)। | | | |
| ২.৪.১ | ৫০টি বিজি ও ২০০টি এমজি যাত্রীবাহী কোচ সরবরাহকৃত (মোট ৭০টি কোচ)। | লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিএমই (উন্নয়ন)<br>-পরিচালক (মেকানিক্যাল) |
| ২.৪.৩ | ২০০টি এমজি যাত্রীবাহী কোচ ক্রয়ের চুক্তিপত্র স্বাক্ষরিত (৩১.১২.২০১৮)। | চুক্তি স্বাক্ষর করার নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (আরএস)<br>-সিএমই (পশ্চিম)<br>-পরিচালক (মেকানিক্যাল) |
| ২.৬.১ | ৭০টি এমজি লোকো-মোটিভ ক্রয়ের চুক্তিপত্র স্বাক্ষরিত (০১.০৫.২০১৯)। | চুক্তি স্বাক্ষর করার নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (আরএস)<br>-পিডি (৭০ লোকো সংগ্রহ)<br>-পরিচালক (মেকানিক্যাল) |
| ২.৯.১/২.৯.২ | ৭৫টি এমজি ও ৫০টি বিজি লাগেজ ভ্যান ক্রয়ের চুক্তিপত্র স্বাক্ষরিত। | চুক্তি স্বাক্ষর করার নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পিডি (রোলিং স্টক উন্নয়ন)<br>-পরিচালক (মেকানিক্যাল) |
| ২.১১ | সৈয়দপুর কারখানার অভ্যন্তরে একটি নতুন ক্যারেজ নির্মাণ ওয়ার্কশপ স্থাপনের ডিপিপি অনুমোদন (৩০.০৫.২০১৯)। | ডিপিপি অনুমোদনের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিএমই (পশ্চিম)<br>-পরিচালক (মেকানিক্যাল) |
| ২.১২ | রাজবাড়ীতে আধুনিক রেলওয়ে ওয়ার্কসপ নির্মাণ (৩০.০৫.২০১৯)। | ডিপিপি অনুমোদনের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিএমই (পশ্চিম)<br>-পরিচালক (মেকানিক্যাল) |

| এপিএ কার্যক্রম ক্রমিক | বিষয় (লক্ষ্যমাত্রা) | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **● দক্ষ, উন্নত, আরামদায়ক এবং নিরাপদ রেলসেবা প্রদান।** | | | |
| ৩.৯.১/৩.৯.২ | লোকো ফেলিউর ও ডিরেইলমেন্ট হ্রাসকরণ (১০%)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরিবহন বিভাগ প্রতিবেদন প্রেরণ করবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-সিএমই (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (পরিবহন)<br>-পরিচালক (মেকানিক্যাল)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ৩.১০ | স্টেশন/স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন (১২ টি স্টেশন/স্থাপনা) | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিএসটিই (টেলিকম)<br>-অতিঃসিএসটিই (টেলিকম) |
| ৩.১১ | বন্ধ রেল স্টেশন চালুকরণ (৫টি)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে চুক্তিভিত্তিক স্টেশন মাষ্টার নিয়োগের পদক্ষেপ গ্রহণ করতে হবে। পরিবহন বিভাগ প্রতিবেদন প্রেরণ করবে। | -এডিজি (অপারেশন)<br>-জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (পরিবহন) |
| ৩.১২ | স্টেশন প্রাঙ্গনে বেষ্টনী নির্মাণ (৫টি)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। Break-up প্রেরণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ৩.১৩.১ | অক্ষম যাত্রীদের জন্য প্লাটফরমে হুইল চেয়ার সরবরাহকরণ (৩০টি)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরিবহন বিভাগ প্রতিবেদন প্রেরণ করবে। | -এডিজি (অপারেশন)<br>-জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (পরিবহন) |
| ৩.১৩.২ | অক্ষম যাত্রীদের ট্রেনে আরোহন/অবতরণের জন্য প্লাটফরমে র‍্যাম্প সরবরাহকরণ (১০টি)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরিবহন বিভাগ প্রতিবেদন প্রেরণ করবে। | -এডিজি (অপারেশন)<br>-জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (পরিবহন) |
| ৩.১৪ | যাত্রীদের স্বাচ্ছন্দ্যে মালামাল বহনের জন্য প্লাটফরমে ট্রলি সরবরাহকরণ (৭০টি)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরিবহন বিভাগ প্রতিবেদন প্রেরণ করবে। | -এডিজি (অপারেশন)<br>-জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (পরিবহন) |
| ৩.১৬.৩ | প্রচার মাধ্যম নিরাপত্তা সংক্রান্ত সচেতনতামূলক বিজ্ঞাপন প্রচার (৬টি)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (জনসংযোগ), রেলভবন, ঢাকা। |
| **● রাজস্ব আয় বৃদ্ধিকরণ।** | | | |
| ৪.৩ | ভূমি থেকে রাজস্ব আয় (৪৭ কোটি)। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরিচালক (প্রকৌশল) এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করবেন। | -প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| **● প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।** | | | |
| ৫.১ | প্রশিক্ষণ প্রতিষ্ঠান শক্তিশালীকরণ (৩১.১২.২০১৮)। | আরটিএ শক্তিশালীকরণের জন্য সমীক্ষা প্রকল্প প্রণয়ন চলমান রয়েছে। সমীক্ষা প্রকল্প প্রণয়নকরতঃ অতিদ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি)<br>-রেক্টর (আরটিএ) |
| ৫.১ | ই-জিপি চালুকরণ (৭০%)। | ৭০% ক্রয়কার্য ই-জিপি'তে করতে হবে। এ সংক্রান্ত পরিসংখ্যান (মোট প্যাকেজ সংখ্যা ও কতটি ই-জিপি করা হয়েছে) প্রেরণ করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-ফোকাল পয়েন্ট কর্মকর্তৃবৃন্দ |

| এপিএ কার্যক্রম ক্রমিক | বিষয় (লক্ষ্যমাত্রা) | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ❖ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ: | | | |
| ● বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ। | | | |
| ১.৪ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন (৬০ জন ঘন্টা)। | সংশ্লিষ্ট সকল বিভাগ নিয়ন্ত্রণাধীন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করবে এবং প্রতিটি মডিউল/ট্রেড/পর্যায়-এ কত জনকে, কত দিন ও দৈনিক কত ঘন্টা করে প্রশিক্ষণ প্রদান করা হলো তা মোট ঘন্টায় লিপিবদ্ধ করবে এবং রেকর্ডকৃত তথ্যাদি পরিচালক (সংস্থাপন) এর নিকট প্রেরন করবে। পরিচালক (সংস্থাপন) প্রাপ্ত তথ্য সংকলনপূর্বক হালনাগাদ জনবলের (১ম-৪র্থ) পজিশনসহ পরিকল্পনা কোষে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করবেন। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-রেক্টর (আরটিএ)<br>-পরিচালক (অর্থ)<br>-পরিচালক (সংস্থাপন)<br>-পরিচালক (পরিবহন)<br>-পরিচালক (মেকানিক্যাল)<br>-পরিচালক (প্রকৌশল)<br>-অতিঃসিএসটিই (টেলিকম) |
| ● কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন। | | | |
| ২.১ | (২.১.১) ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত (৮০%)।<br>(২.১.২) ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত (৫০ %)।<br>(২.১.৩) ই-ফাইলে পত্র জারীকৃত (৪০%)। | সকল দপ্তরে বাস্তবিকভাবে ই-ফাইলে নথি নিষ্পত্তিকরণসহ কার্যক্রম সম্প্রসারণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সিএসটিই (টেলিকম) |
| ২.২ | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা (১০.০১.২০১৯)। | নির্ধারিত সময়ের মধ্যে ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-এডিজি (অপারেশন)<br>-সিএসটিই (টেলিকম)<br>-পরিচালক (পরিবহন) |
| ২.৩.১ | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেজ ওয়েবসাইটে প্রকাশিত (০৩.০২.২০১৯)। | ডাটাবেজ প্রস্তুত ও ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -পরিচালক (পরিবহন) ও ইনোভেশন অফিসার |
| ২.৩.২ | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত (০৮.০৪.২০১৯)। | ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -সকল এডিজি<br>-জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-সিএসটিই (টেলিকম)<br>-পরিচালক (পরিবহন) ও ইনোভেশন অফিসার |
| ২.৪.২ | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত (৩১.১২.২০১৮)। | নির্ধারিত সময়ের মধ্যে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে অনলাইনে ও নির্ধারিত ফরমেটে সেবাগ্রহীতাদের মতামত গ্রহণ যেতে পারে। | -এডিজি (অপারেশন)<br>-জিএম (পূর্ব ও পশ্চিম) |

| এপিএ কার্যক্রম ক্রমিক | বিষয় (লক্ষ্যমাত্রা) | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৬ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র (১০০%)। | পিআরএল আদেশ ও নগদায়নপত্র জারির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -সিপিও (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (সংস্থাপন) |
| • **আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।** | | | |
| ৩.১ | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত (৬০%)।<br>অডিট আপত্তি নিষ্পত্তিকৃত (৫০%)। | লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তিকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -এডিজি (অর্থ)<br>-বাজেট অফিসার (পূর্ব ও পশ্চিম) |
| ৩.২.১ | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত (০৩.০২.২০১৯)। | নির্ধারিত সময়ের মধ্যে স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -এডিজি (আই)<br>-জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ৩.২.২ | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত (০৩.০২.২০১৯)। | নির্ধারিত সময়ের মধ্যে স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -এডিজি (আই, আরএস, এমএন্ডসিপি, অর্থ ও অপারেশন)<br>-জিএম (পূর্ব ও পশ্চিম) |
| ৩.৪ | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ (৮০%)। | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-সিপিএলও |
| ৩.৫ | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা (১০০%)। | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -সিইই (পূর্ব ও পশ্চিম) |
| ৩.৬ | শূণ্য পদের বিপরীতে নিয়োগ প্রদান (৮০%)। | জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-সিপিও (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (সংস্থাপন) |
| • **জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।** | | | |
| ৪.২.২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ (১০০%)। | বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইট নিয়মিত মনিটরিং করে হালনাগাদকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/সহায়তা করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সিএসটিই (টেলিকম)<br>-পরিচালক (সংস্থাপন) |

৫.০। পরিশেষে এপিএ'তে সন্নিবেশিত কৌশলগত এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের অনুকূলে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আরও আন্তরিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.০৯.২০১৮

(মোঃ আমজাদ হোসেন)
মহাপরিচালক

# বাংলাদেশ রেলওয়ে

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থবছরের APA এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত করণীয় বিষয়ক সভা।
সভাপতিঃ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।
তারিখঃ ০৩.০৯.২০১৮।

| ক্রমিক | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | কাযী মো: রফিকুল আলম<br>এডিজি/অপা | 01711505301 | [signature] |
| ২ | মো:- মোস্তাফিজুর রহমান [illegible]<br>এডিজি/আর এস [illegible] | 01711505304 | [signature] 3/9/18 |
| ৩ | নাজিম উদ্দিন আহমেদ<br>CSTE/T, DR | 017115002[illegible] | [signature] 3.09.18 |
| ৪ | মোহাম্মদ মাহমুদ হোসেন<br>পরিচালক/অর্থ | 01726332105 | [signature] 03.09.2018 |
| ৫ | তাবাসসুম বিনতে ইসলাম<br>পরিচালক/মেকানিক্যাল [illegible] | 01711691642 | তাবাসসুম ইসলাম<br>৩/৯/২০১৮ |
| ৬ | মোহাম্মদ মাহবুবুর রহমান<br>পরিচালক (ট্রাফিক) | 01711691613 | [signature] 03/09/2018 |
| ৭ | মো: শামসুজ্জামান<br>এডিজি/অবকাঠামো | 01711505302 | [signature] ৩/৯/১৮ |
| ৮ | মো: [illegible]<br>এডিজি/[illegible] | 01711505310 | [signature] ৩/৯/১৮ |
| ৯ | মো: আনোয়ারুল হক<br>সিস্টেম এনালিস্ট | 01711506148 | [signature] ০৩/৯/২০১৮ |

| ক্রমিক | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০ | S.M. Salimullah Bahar<br>Economist | 01711691023 | Bahar<br>৬/৮/১৮ |
| ১১. | মো. রাকিব উদ্দিন<br>পরিচালক (সংস্থাপন) | 01711691027 | [signature]<br>০৬/০৮/২০১৮ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |